বিসমিল্লাহির রাহমানির রাহিম

> খুলে যাবে সম্ভাবনার অযুত দুয়ার,
> হাতিবান্ধা-পাটগ্রাম হবে জনতার।

# শিহাব আহমেদ



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ১৬, লালমনিরহাট ১ (হাতীবান্ধা-পাটগ্রাম) আসনে স্বতন্ত্র সংসদ সদস্য পদপ্রার্থী।

## পরিচয়

শিহাব আহমেদের জন্ম হাতিবান্ধা উপজেলার বড়খাতা ইউনিয়নের বড়খাতা গ্রামে। তিনি বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সেনা সদস্য আব্দুল আজিজ ও মৃত: মনোয়ারা বেগম এর দ্বিতীয় সন্তান। বড়খাতার সবুজ প্রকৃতিতেই তার বেড়ে ওঠা।

## শিক্ষাজীবন

শিহাব আহমেদ তাঁর শিক্ষাজীবন শুরু করেন বড়খাতা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে। পরবর্তীতে বড়খাতা উচ্চ বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন এ+) অর্জন করেন। এরপর রংপুরের কারমাইকেল কলেজ থেকে বিজ্ঞান বিভাগে এইচএসসি সম্পন্ন করেন। মেধার স্বাক্ষর রেখে তিনি তুরস্ক সরকারের শিক্ষাবৃত্তি অর্জন করেন। পরবর্তীতে তুরস্কের গেবজে টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং আনাদুলু বিশ্ববিদ্যালয়ে ফ্যাকাল্টি অব বিজনেস ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড লজিস্টিক এ ব্যাচেলর ডিগ্রীতে অধ্যয়নরত রয়েছেন।

## পেশাজীবন

শিহাব আহমেদ একজন আন্তর্জাতিক তরুণ উদ্যোক্তা, ব্যবসায়ী, সংগঠক ও সমাজসেবী। তিনি তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত ও বাংলাদেশে তিনটি গ্রুপ অব কোম্পানি এবং দুটি সংস্থার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। তুরস্কে উচ্চশিক্ষা গ্রহণের পাশাপাশি কঠোর পরিশ্রমের মাধ্যমে তিনি প্রতিষ্ঠা করেন 'দি অটোম্যান গ্রুপ অব কোম্পানিজ', যার অধীনে বর্তমানে চারটি প্রতিষ্ঠান সফলভাবে পরিচালিত হচ্ছে। পরবর্তীতে সংযুক্ত আরব আমিরাতের দুবাই ও শারজাহ প্রদেশে তিনি 'শিহাব গ্রুপ অব কোম্পানিজ'-এর আওতায় আরও তিনটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। একইসঙ্গে বাংলাদেশেও তিনি 'শিহাব গ্রুপ অব কোম্পানিজ'-এর অধীনে পাঁচটি প্রতিষ্ঠান - 'শিহাব মার্ট লিমিটেড', 'শিহাব প্রিমিয়াম ফুডস অ্যান্ড কনজ্যুমার আইটেমস বাংলাদেশ লিমিটেড', 'শিহাব ডিজিটাল সাইন', 'শিহাব আইটি ফার্ম' এবং 'শিহাব গ্রুপ এগ্রো ফার্ম' প্রতিষ্ঠা করেছেন।

## রাজনৈতিক জীবন

শিহাব আহমেদ সবসময়ই ব্যবসা, শিক্ষা ও সমাজ উন্নয়নের মাধ্যমে দেশের অগ্রগতিতে অবদান রাখার স্বপ্ন দেখেছেন। তিনি কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নন এবং কখনোই রাজনীতির সঙ্গে নিজেকে যুক্ত করেননি। তার বিশ্বাস, নিরপেক্ষ থেকে কাজ করলেই প্রকৃত উন্নয়ন সম্ভব। তাই তিনি ব্যবসা-বাণিজ্যের প্রসার, কর্মসংস্থান সৃষ্টি এবং সমাজের কল্যাণমূলক কর্মকাণ্ডকে নিজের মূল লক্ষ্য হিসেবে নিয়েছেন। প্রতিহিংসার রাজনীতির বাইরে থেকে তিনি হাতীবান্ধা ও পাটগ্রামবাসীর স্বার্থে একজন স্বতন্ত্র প্রার্থী হিসেবে এগিয়ে এসেছেন। রাজনীতির বাইরে থেকেও তিনি দেশের অর্থনৈতিক উন্নয়নে একজন তরুণ উদ্যোক্তা হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছেন।

## সামাজিক কাজ

শিহাব আহমেদ শুধু একজন তরুণ উদ্যোক্তা নন, তিনি সমাজের প্রতি দায়িত্বশীল একজন নাগরিকও। ব্যবসার পাশাপাশি তিনি দীর্ঘদিন ধরে মানবিক ও সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা পালন করে আসছেন। সমাজের অসহায় ও প্রান্তিক মানুষের উন্নয়নের লক্ষ্যে তিনি 'শিহাব আহমেদ ফাউন্ডেশন' প্রতিষ্ঠা করেছেন, যার মাধ্যমে নানা ধরনের কল্যাণমূলক কার্যক্রম পরিচালিত হয়।

'শিহাব আহমেদ ফাউন্ডেশনের' উদ্যোগে দরিদ্র মানুষের জন্য পরিষ্কার পানির টিউবওয়েল স্থাপন করা হয়েছে, যাতে গ্রামীণ জনগণ নিরাপদ পানির সুবিধা পায়। এছাড়াও ধর্মীয় শিক্ষা ও সমাজের নৈতিক উন্নয়নের উদ্দেশ্যে মসজিদ ও মাদ্রাসা নির্মাণে তিনি নিয়মিত সহযোগিতা করে থাকেন। প্রাকৃতিক দুর্যোগ কিংবা সংকটকালীন সময়ে তিনি অসহায় পরিবারগুলোর মাঝে ত্রাণ ও প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করেন। পাশাপাশি অসুস্থ ও দরিদ্র মানুষদের আর্থিক সহায়তা প্রদান করে তিনি তাদের পাশে দাঁড়ান।

শিহাব আহমেদের এই উদ্যোগগুলো শুধু সাময়িক সহায়তা নয়, বরং দীর্ঘমেয়াদে সমাজকে স্বাবলম্বী করে তোলার এক মহান প্রয়াস। ব্যবসায়িক সফলতার পাশাপাশি সামাজিক কল্যাণমূলক কর্মকাণ্ডে নিজেকে সম্পৃক্ত করে তিনি প্রমাণ করেছেন যে একজন উদ্যোক্তার আসল সাফল্য কেবল নিজের উন্নয়নে নয়, বরং সমাজের উন্নয়নেও নিহিত। তার লক্ষ্য হলো ব্যবসার পাশাপাশি মানবিক কর্মকাণ্ডের মাধ্যমে সমাজে স্থায়ী ইতিবাচক পরিবর্তন নিয়ে আসা।

# বিসমিল্লাহির রাহমানির রাহিম

## সম্মানিত হাতীবান্ধা-পাটগ্রামবাসী
আসসালামু আলাইকুম/আদাব

**৫৪ বছরের অবহেলা আর অনুন্নয়নের শৃঙ্খল ছিঁড়ে আমরা সবাই মিলে গড়ব নতুন হাতীবান্ধা-পাটগ্রাম! মাদকমুক্ত, বেকারত্বমুক্ত, উন্নত ও কল্যাণমুখী জনপদ গড়ে তুলতে আমি, শিহাব আহমেদ, আপনাদের সামনে হাজির হয়েছি।**

### শিহাব আহমেদের কাজ (ইতিমধ্যে সম্পন্ন)

- ২৫,০০০ পরিবারের জন্য বিনামূল্যে টিউবওয়েল স্থাপন
- ১৫টি নতুন মসজিদ-মাদ্রাসা ও ১০০০+ মসজিদ, মাদ্রাসা, এতিমখানায় ওজুখানা নির্মাণ
- করোনাকালীন ২০,০০০ পরিবারের জন্য খাদ্য সহায়তা ও ইফতার বিতরণ
- ২০০০ গরু-ছাগল কোরবানি করে দুস্থদের মাঝে বণ্টন
- ৫০০+ যুবকের জন্য কর্মসংস্থান তৈরি
- ২১০ টি 'শিহাব আহমেদ শিশু বিকাশ একাডেমি' প্রতিষ্ঠা
- ১০১ জন মেধাবী শিক্ষার্থীকে 'শিহাব আহমেদ শিক্ষাবৃত্তি' প্রদান
- ৩টি 'শিহাব আহমেদ টেকনিক্যাল ইনস্টিটিউট' প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে লক্ষাধিক তরুণ-তরুণীর জন্য কারিগরি প্রশিক্ষণ এবং ফ্রিল্যান্সিং করে ঘরে বসে আয় করার সুবর্ণ সুযোগের ব্যবস্থা।

### ভিশন ২০৩০ – প্রতিশ্রুতি

- ২০৩০ সালের মধ্যে হাতীবান্ধা-পাটগ্রামকে বেকারত্বমুক্ত ও উন্নত জনপদে রূপান্তর।
- গার্মেন্টস, মিল, ফ্যাক্টরি, আধুনিক শিল্প কারখানা স্থাপন ও শিল্পায়ন।
- প্রতিটি বাড়িতে নিরাপদ পানির নিশ্চয়তা।
- মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে "শিহাব আহমেদ একাডেমি" (মডেল স্কুল-কলেজ-মাদ্রাসা) প্রতিষ্ঠা।
- একটি প্রজন্ম তৈরি করা, যারা পরবর্তী প্রজন্মকে হাতীবান্ধা-পাটগ্রাম ও বাংলাদেশকে নেতৃত্ব দিতে সক্ষম করবে।
- বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগণের জন্য সামাজিক নিরাপত্তা বেষ্টনী।
- তুরস্ক–জাপানের আদলে দুটি 'ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবা কেন্দ্র' স্থাপন, বিনামূল্যে চিকিৎসা প্রদান।

### রাজনৈতিক অঙ্গীকার

- জনগণের বাজেট বরাদ্দের প্রতিটি টাকার স্বচ্ছ হিসাব দুই উপজেলার প্রতিটি বাজারে ডিজিটাল বিলবোর্ডে প্রকাশ।
- মাদক, সন্ত্রাস, চাঁদাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি।
- সংসদ সদস্য হিসেবে পাওয়া বেতন-ভাতা জনগণের কল্যাণে ব্যয়।
- বুড়িমারী স্থলবন্দরের জবাবদিহিমূলক রক্ষণাবেক্ষণ, শুল্ক জটিলতার সমাধান, বুড়িমারী-ঢাকা রুট দ্রুত চালু এবং তিস্তা পাড়ের মানুষের পুনর্বাসন ও কর্মসংস্থানের নিশ্চয়তা।
- দলাদলি নয়, সবার জন্য কাজ করার অঙ্গীকার: "দল-মত-ধর্ম-বর্ণ নির্বিশেষে আমি সবার, সবাই আমার"

### আপনার ভোট – আপনার শক্তি

**আপনার একটি ভোট হাতীবান্ধা-পাটগ্রামের ভাগ্য পরিবর্তন করতে পারে। শিক্ষিত, মার্জিত ও সজ্জন ব্যক্তি হিসেবে শিহাব আহমেদ প্রমাণ করেছেন তার যোগ্যতা। তিনি নির্বাচিত হলে জাতীয় সংসদে দাঁড়িয়ে হাতীবান্ধা-পাটগ্রামকে সম্মানের সঙ্গে বিশ্ববাসীর সামনে তুলে ধরবেন।**
**তাই আমরা বিনীত অনুরোধ করছি - দেশ পুনর্গঠনের কাজে, আধুনিক মানবিক কল্যাণকর ও বেকারত্বমুক্ত হাতিবান্ধা-পাটগ্রাম গড়তে, একবার সুযোগ দিন শিহাব আহমেদ-কে।**

## "এই দেশকে নিঃস্বার্থভাবে কিছু দিতে এসেছি, নিতে নয়"

## আসুন, আমরা সবাই মিলে গড়ে তুলি নতুন হাতীবান্ধা-পাটগ্রাম!

**প্রচারে : হাতীবান্ধা-পাটগ্রামের সর্বস্তরের সচেতন নাগরিকবৃন্দ**

ওয়েবসাইট লিংক স্ক্যান করুন

ফোন: +৮৮০ ১৩৩২-০৩৭৫৭৬ | ইমেইল: hello@shihabahmed.org
অফিস: বড়খাতা বাসস্ট্যান্ড জামে মসজিদ মার্কেট, বড়খাতা, হাতিবান্ধা, লালমনিরহাট ৫৫৩০।

Shihab Ahmed Official